দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL 5 1999
পৃষ্ঠা ... কলাম 2

### সারাদেশে নিন্দা প্রতিবাদের ঝড়

# সরকার মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে অঘোষিত যুদ্ধে অবতীর্ণ হয়েছে

**ইনকিলাব রিপোর্ট ঃ** মাদ্রাসা শিক্ষা বন্ধের চক্রান্তের বিরুদ্ধে সারাদেশে তীব্র প্রতিবাদ ও নিন্দার ঝড় অব্যাহত রয়েছে। সভা-সমাবেশ ও বিবৃতির মাধ্যমে বিভিন্ন দেশপ্রেমিক দল ও সংগঠনের নেতৃবৃন্দ বলেছেন, বর্তমান সরকার দেশের বিভিন্ন স্থানে মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার, এমপিওভুক্তি বাতিল ও শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা বন্ধ করে দিয়ে মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে অঘোষিত যুদ্ধে অবতীর্ণ হয়েছে।

জাতীয়তাবাদী ওলামা দলের আহবায়ক সৈয়দ নজিবুল বশর মাইজভাণ্ডারী বলেছেন, আওয়ামী মোনাফেক সরকার ক্ষমতায় এসে প্রথমেই আঘাত করেছে এ দেশের ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠানের উপর। আর ধর্মহীন শিক্ষানীতি বাস্তবায়নের জন্য একজন মোরতাদকে মন্ত্রীর দায়িত্বে বসানো হয়েছে। বিএনপি আহূত ৫ জুলাই পল্টন ময়দানের সমাবেশ সফল করার লক্ষ্যে গতকাল (রবিবার) বিকেলে বিএনপি কেন্দ্রীয় কার্যালয় আয়োজিত ওলামা দলের যৌথ সভায় সভাপতির বক্তব্যে তিনি একথা বলেন। জনাব ভাণ্ডারী উল্লেখ করেন, যুগ যুগ ধরে পরিচালিত আলিয়া মাদ্রাসা আজ আওয়ামী সরকার সুপরিকল্পিতভাবে বন্ধ করার ষড়যন্ত্রে মেতে উঠেছে। এরা ইসলামের ও জাতির শত্রু।

১১-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## সরকার মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে

প্রথম পৃষ্ঠার পর

চট্টগ্রাম ব্যুরো জানায়, মাদ্রাসা শিক্ষা বন্ধের সরকারী ষড়যন্ত্রের আরো নিন্দা ও প্রতিবাদ জানানো হয়েছে।

চট্টগ্রামের খ্যাতনামা দ্বীনি শিক্ষাকেন্দ্র দারুল মারিফ আল ইসলামিয়ার প্রতিষ্ঠাতা পরিচালক, আন্তর্জাতিক ইসলামী সাহিত্য সংস্থার ব্যুরো চীফ ও সম্মিলিত মাদ্রাসা পরিষদের সাধারণ সম্পাদক আল্লামা সুলতান যওক নদভী বলেছেন, বর্তমান সরকার দেশের বিভিন্ন স্থানে মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার, এমপিওভুক্তি বাতিল ও বেতন-ভাতা বন্ধ করে দিয়ে মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে এক অঘোষিত যুদ্ধে অবতীর্ণ হয়েছেন। বিবৃতিতে তিনি উল্লেখ করেন, বিগত ঈদুল ফিতরের পর কবি শামসুর রাহমানের ওপর কথিত হামলা ও অস্ত্র প্রশিক্ষণের অজুহাতে এ সরকার কওমী মাদ্রাসাগুলোকেও অনেক হয়রানি করেছে। কিন্তু কিছুই প্রমাণিত হয়নি। জনরোষের প্রেক্ষিতে তখন প্রধানমন্ত্রী ঘোষণা দিয়েছিলেন, মাদ্রাসা শিক্ষা কোনোদিন বন্ধ করা হবে না, বরং সম্প্রসারিত হবে। শিক্ষামন্ত্রীও একই কথা বলেছিলেন। তারপরও মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে ষড়যন্ত্রের হেতু ও নেপথ্যে কারা কাজ করছে, তা জনগণ জানতে চায়। সম্মিলিত মাদ্রাসা পরিষদ নেতা বলেন, যদি ষড়যন্ত্র অতিসত্বর বন্ধ করে মন্ত্রণালয়ের সার্কুলার প্রত্যাহার করা না হয়, তাহলে লাখ লাখ মাদ্রাসার ছাত্র, শিক্ষক ও ধর্মপ্রাণ মুসলমান যে কোন মূল্যে এ ষড়যন্ত্র প্রতিরোধ করবে। তখন উদ্ভূত পরিস্থিতির দায়ভার সরকারকেই বহন করতে হবে।

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন, চট্টগ্রাম সদর অঞ্চলের প্রতিবাদ সভা গতকাল আঞ্চলিক সভাপতি মুহাম্মদ ইউসুফ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে এসএম লুৎফর রহমান, মকবুল আহমদ প্রমুখ নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। সভায় নেতৃবৃন্দ তীব্র প্রতিবাদ জানিয়ে বলেন, প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর সুস্পষ্ট ঘোষণা সত্ত্বেও বহু মাদ্রাসার স্বীকৃতি, মঞ্জুরী বাতিল করার ঘোষণায় সমগ্র জাতি হতবাক হয়েছে। সভায় অবিলম্বে সরকারের এই সিদ্ধান্ত প্রত্যাহারের দাবী জানানো হয়।

বাংলাদেশ ইসলামী ফ্রন্ট চান্দগাঁও শাখার সভাপতি, সাধারণ সম্পাদক ও সাংগঠনিক সম্পাদক যথাক্রমে মুহম্মদ ইলিয়াছ, খোরশেদ আলম ও শাহেদ আলী এক যুক্ত বিবৃতিতে কোরআন অবমাননা ও মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্রের তীব্র প্রতিবাদ জানান। নেতৃবৃন্দ বলেন, ভারতের তাঁবেদার হাসিনা সরকার তাঁর প্রভু ভারতকে খুশী করার জন্য এ দেশ থেকে ইসলামী শিক্ষা ও মূল্যবোধ উৎখাত করার যে গভীর ষড়যন্ত্রে লিপ্ত হয়েছেন, ধর্মপ্রাণ মুসলমানরা কোনোদিন তা বরদাশত করবে না।

গারাঙ্গিয়া আলিয়া মাদ্রাসা তালাবায়ে মাবেকীনের (প্রাক্তন ছাত্র সংসদ) সভাপতি, সম্পাদক ও যুগ্ম সম্পাদক যথাক্রমে শাহ মাওলানা আনোয়ারুল হক, প্রিন্সিপাল মাওলানা ফজলুল হক, মাওঃ আবু সালেহ মুহাম্মদ ছলিমুল্লাহ, মাওঃ নিযামুদ্দীন, মাওঃ আবুল কালাম, শাহজাদা মাওঃ আনোয়ারুল ইসলাম, মাওলানা মুহাম্মদ ইসমাইল ও মাওঃ আনোয়ারুল ইসলাম এক যুক্ত বিবৃতিতে চট্টগ্রামের সর্বজন শ্রদ্ধেয় গারাঙ্গিয়ার পীর সাহেবদ্বয় বড় হুজুর ও ছোট হুজুরের হাতে গড়া গারাঙ্গিয়া ইসলামিয়া আলীয়া মাদ্রাসাসহ দেশের বহু মাদ্রাসার মঞ্জুরী ও স্বীকৃতি বাতিল করায় নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেন।

সিলেট অফিস জানায়, মাদ্রাসা শিক্ষা বন্ধের সরকারী চক্রান্তের প্রতিবাদে গতকাল রবিবার সিলেটের জকিগঞ্জ থানা সদর শিশু পার্কে মাদ্রাসা শিক্ষা বন্ধ প্রতিরোধ কমিটির উদ্যোগে এক বিরাট সমাবেশ অনুষ্ঠিত হয়।